

## তথ্য কমিশন

প্রথম তল ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা - ১২০৭।  
ফ্যাক্স- ৯১১০৬৩৮।  
[www.infocom.gov.bd](http://www.infocom.gov.bd)

১২৫ ১৪২৪


স্মারক নং : ১৫.৫১.০০০০.৬০২.০১.০০১.১০-৭২৪৯

২২ অগ্রহায়ণ, ১৪২৪ বঃ  
তারিখ : -----।  
০৬ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে আপনার মন্ত্রণালয় এবং অধীনস্থ অফিসসমূহের (বিভাগীয় পর্যায় পর্যন্ত) সমন্বিত তথ্যাদি আগামী ২০/০১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য কমিশনে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, তথ্য কমিশন ২০১৭ সালের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৩০ ধারা অনুযায়ী বার্ষিক প্রতিবেদনে সারাদেশের তথ্যাদি অন্তর্ভুক্ত করতে হবে। উল্লেখ্য যে, চাহিত তথ্যাদি তথ্য কমিশনের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করে প্রকাশের পর তা মহামান্য রাষ্ট্রপতির মাধ্যমে জাতীয় সংসদে উপস্থাপিত ও আলোচিত হবে।

এমতাবস্থায়, সারাদেশ থেকে তথ্য সংগ্রহ প্রক্রিয়ার অংশ হিসেবে আপনার মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীনস্থ সকল বিভাগ/অধিদপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে প্রতিটি কর্তৃপক্ষের (০১/০১/২০১৭ থেকে ৩১/১২/২০১৭ পর্যন্ত) উপর্যুক্ত তথ্যাদি সংগ্রহ করে একটি সমন্বিত প্রতিবেদন সংযুক্ত ছক মোতাবেক প্রস্তুত করে আগামী ২০/০১/২০১৮ তারিখের মধ্যে সফট কপি (Word Format) এ (pro@infocom.gov.bd) বরাবর এবং হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য বিনীত অনুরোধ করা হলো।



(উঃমা মোঃ আতাউর রহমান)  
পরিচালক (প্রশাসন)  
তথ্য কমিশন, ঢাকা।  
ফোন : ০২-৮১৮১২২২।

বন্দ্র ও পাট মন্ত্রণালয়  
প্রশাসন-১(সংস্থাপন) অধিশাখা

নং- ১৪.০০.০০০০.১১১.১৮.১৬২.১২-০৮

তারিখঃ-০২/০১/২০১৮।

সদয় অবগতি ও আগামী ১০/০১/২০১৮ তারিখের মধ্যে নিকশ ফটে হার্ডকপি ও সফট কপিসহ (noman3804.mail.com) নির্ধারিত ছক মোতাবেক তথ্য আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। অতিরিক্ত সচিব (সকল), বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/বিজেসি (বিঃ)/বাংলাদেশ তাঁত বোর্ড, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ বেসম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
- ০৫। পরিচালক, বন্দ্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ০৬। যুগ্মসচিব (সকল), বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। উপসচিব (সকল) উপ-প্রধান, বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। পরিচালক, বিএসআরটিআই, রাজশাহী।
- ০৯। নির্বাহী পরিচালক, জেডিসিসি, তেজগাঁও, ফার্মগেট, ঢাকা।
- ১০। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সহকারী সচিব (সকল), বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। সিস্টেম এনালিস্ট, বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
- ১৩। প্রোগ্রামার, বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। সহকারী প্রোগ্রামার, বন্দ্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।

নি-স্বাক্ষর ২/১/১৮  
নিলুফার মাজনীন  
উপসচিব